# মেট্রোরেলের ৪৬ পিয়ারে ফাটল ২৭ বেয়ারিং প্যাড ঝুঁকিপূর্ণ: সড়কমন্ত্রী



সড়কমন্ত্রী শেখ রবিউল আলম। ছবি: সংগৃহীত

মেট্রোরেলের উত্তরা-মতিঝিল রুটের ৪৬টি পিয়ারে বিভিন্ন মাত্রার ফাটল শনাক্ত হয়েছে। একই সঙ্গে ২৭টি বেয়ারিং প্যাডকে 'ক্রিটিক্যাল' বা গুরুতর ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। জাতীয় সংসদে এসব তথ্য জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম।

বুধবার (৯ সেপ্টেম্বর) সংসদের প্রশ্নোত্তর পর্বে কুমিল্লা-৯ আসনের সংসদ সদস্য আবুল কালামের এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান। স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে বৈঠকে বিষয়টি উঠে আসে।

শেখ রবিউল আলম জানান, উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত মেট্রোরেলের ৭৩০টি বেয়ারিং প্যাড পর্যালোচনা করেছে সেফটি অডিট কমিটি। এর মধ্যে ১৪৭টিতে ছোটখাটো ত্রুটি এবং ২৯৭টিতে স্থাপনের সময়ের ওয়ার্কম্যানশিপ-সংক্রান্ত ত্রুটি পাওয়া গেছে।

তবে এসব ত্রুটির সবগুলোকে গুরুতর হিসেবে বিবেচনা করা হয়নি। অডিটের মাধ্যমে ২৭টি বেয়ারিং প্যাডকে 'ক্রিটিক্যাল' হিসেবে চিহ্নিত করা হয়েছে। পাশাপাশি রুটের ৪৬টি পিয়ারে বিভিন্ন মাত্রায় ফাটল শনাক্ত হয়েছে।

মন্ত্রী বলেন, সেফটি অডিট কমিটির সুপারিশ অনুযায়ী ত্রুটিগুলো সমাধানে কাজ চলছে। বেয়ারিং প্যাড স্থানচ্যুত হওয়ার আশঙ্কা রয়েছে এমন ১০টি স্থানে ইতোমধ্যে স্টিল ব্র্যাকেট বসানো হয়েছে। ঝুঁকিপূর্ণ ২৭টি প্যাডের অবস্থার পরিবর্তন নজরে রাখতে স্থাপন করা হয়েছে সেটেলমেন্ট মার্কার।

ক্রিটিক্যাল হিসেবে চিহ্নিত ২৭টি বেয়ারিং প্যাড আগামী ৩০ নভেম্বরের মধ্যে প্রতিস্থাপনের পরিকল্পনা রয়েছে বলেও জানান তিনি।

এদিকে, ৪৬টি পিয়ারে পাওয়া ফাটলের ঝুঁকি নিরূপণ এবং প্রয়োজনীয় মেরামতের কৌশল ঠিক করতে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়কে (বুয়েট) স্ট্রাকচারাল কনসালট্যান্ট হিসেবে নিয়োগ দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে।

মেট্রোরেলের বিভিন্ন স্থাপনায় থাকা ফাটল পরিমাপ ও নিয়মিত পর্যবেক্ষণের জন্য ১০২টি স্থানে 'স্ট্রাকচারাল ক্র্যাক গেজ' বসানোর কাজও চলমান রয়েছে বলে সংসদকে জানান সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী।